আগামী নির্বাচন সংবিধানিকভাবেই হবে —-ডেপুটি স্পিকার টুকু

জাতীয় সংসদের ডেপুটি স্পিকার অ্যাডভোকেট শাসমুল হক টুকু বলেছেন, আগামী নির্বাচন সংবিধানিকভাবেই হবে। নির্বাচনে বাধাগ্রস্থ হওয়ার কোন সুযোগ নেই, বিশ্বের মোড়লরা একেকটি দেশকে একেকভাবে বিবেচনা করে কথা বলেন। একটি দেশের নির্বাচন ও রাষ্ট্র পরিচালনা সংবিধান সম্মতভাবেই চলে। এক্ষেত্রে কোন দেশের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করা সমুচিত নয়।

গতকাল শনিবার (০১ জুলাই) দুপুরে গাংনী উপজেলার সাহেবনগর বহুমুখি মাধ্যমিক বিদ্যালয়ের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগদানের সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি উপরোক্ত কথাগুলো বলেন।

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের সভাপতিত্বে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, জেলা পরিষদ চেয়ারম্যান মহা: আব্দুস সালাম, মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম, পুলিশ সুপার রাফিউল আলম, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী।

প্রধান অতিথির বক্তব্যে ডেপুটি স্পিকার আরও বলেন, নির্বাচন কমিশন স্বাধীন, তাই নির্বাচন হবে অবাধ ও নিরপেক্ষ। আগামী জাতীয় সংসদ নির্বাচনে সব দল অংশ গ্রহণ করবে বলে আশা প্রকাশ করেন তিনি।

তিনি আরও বলেন, বর্তমান সরকারের মেয়াদ শেষে সংবিধান সম্মতভাবেই একটি জাতীয় নির্বাচন হবে। নির্বাচন কমিশন নির্বাচনের যাবতীয় ব্যবস্থাপনা করবে আর সাধারণ মানুষ ভোট দিয়ে একটি নতুন সরকার গঠনের সুযোগ দেবে। যা একটি গণতান্ত্রিক প্রক্রিয়া। এই নির্বাচনে সব দল অংশ গ্রহণ করবে। কারণ রাজনৈতিক দল গঠন করা হয় একটি নির্বাচনের মধ্য দিয়ে রাষ্ট্র ক্ষমতায় যাওয়ার। প্রতিটি দলের রাজনৈতিক দলের ইচ্ছে থাকে তারা রাষ্ট্র ক্ষমতায় গিয়ে জণগনের কল্যাণে কাজ করবে। তাই সব দল নির্বাচনে অংশ গ্রহণ করবে এটাই ডেপুটি স্পিকার হিসেবে আমার প্রত্যাশ।

অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথি জাতীয় সংসদের ডেপুটি স্পিকার অ্যাডভোকেট শামসুল আলম টুকুকে গার্ড অব অনার দেয় পুলিশের একটি চৌকস দল।

অনুষ্ঠানে সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের নবীণ প্রবীন ছাত্রছাত্রীসহ শিক্ষক ও এলাকার বিভিন্ন শ্রেণি পেশার মানুষ অংশ গ্রহণ করেন। নবীণ-প্রবীণ ছাত্রছাত্রীদের মিলনমেলায় রুপ নেয় অনুষ্ঠানটি।